

প্রথমবারের মতো ক্যাডাবেরিক ওয়ার্কসপ ও বেসিক স্পাইন কোর্স ২০১৭-এর উদ্বোধন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে শীঘ্রই চালু হচ্ছে স্পাইনাল নিউরোসার্জারি বিভাগ ও স্কিল ল্যাব বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, রোগীদের চাহিদা অনুযায়ী ও রোগীদের আরো উন্নত সেবা প্রদান ও সংশ্লিষ্ট চিকিৎসকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে শীঘ্রই চালু করা হবে আলাদাভাবে স্পাইনাল নিউরোসার্জারি বিভাগ ও স্কিল ল্যাব। স্কিল ল্যাবে সংশ্লিষ্ট চিকিৎসকবৃন্দ হাতে কলমে প্রশিক্ষণ নিতে পারবেন। আজ ৩০ জুলাই ২০১৭ইং তারিখ, রবিবার, সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডি ব্লকের ১১ তলায় ন্যাশনাল ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার মেডিসিন এলায়েড সায়েন্সেস (এনআইএনএমএএস) অডিটোরিয়ামে প্রথমবারের মতো ক্যাডাবেরিক ওয়ার্কসপ ও বেসিক স্পাইন কোর্স ২০১৭-এর উদ্বোধনী প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সার্জারি অনুষদের ডীন, নিউরোসার্জারি বিভাগের চেয়ারম্যান ও বাংলাদেশ সোসাইটি অফ নিউরোসার্জিস-এর সভাপতি অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া এবং নিউরোসার্জারি বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আফজাল হোসেন। সভাপতিত্ব করেন নিউরোস্পাইন সোসাইটি অফ বাংলাদেশ-এর সভাপতি অধ্যাপক ডা. আবুল খায়ের। স্বাগত বক্তব্য রাখেন নিউরোস্পাইন সোসাইটি অফ বাংলাদেশ-এর সাধারণ সম্পাদক ও বিএসএমএমইউ-এর সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ হোসেন। ধন্যবাদ জ্ঞাপন করেন নিউরোস্পাইন সোসাইটি অফ বাংলাদেশ-এর সিনিয়র সহ-সভাপতি ডা. এহসান মাহমুদ। নিউরোস্পাইন সোসাইটি অফ বাংলাদেশ-এর উদ্যোগে আয়োজিত এ ক্যাডাবেরিক ওয়ার্কসপ ও বেসিক স্পাইন কোর্স ২০১৭-এর উদ্বোধনী অনুষ্ঠানে ১২০ জন নিউরোসার্জনকে স্পাইনাল সার্জারিতে হাতে কলমে ডেড বডিউর উপর প্রশিক্ষণ দেয়া হয়। গুরুত্বপূর্ণ ওয়ার্কশপে ভারতের বিখ্যাত নিউরোসার্জন ডা. সুধীর দুবে প্রশিক্ষণ দেন।

রোগীর সেবায় হই আরো যত্নবান” থিমকে ধারণ করে

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদৎবার্ষিকী উপলক্ষে বিএসএমএমইউ’র মাসব্যাপী কর্মসূচী গ্রহণ
“নার্সিং সেবার মানোন্নয়ন ও সকল ওয়ার্ডকে মডেল ওয়ার্ডে উন্নীতকরণের দৃঢ় প্রত্যয়”

সর্বকালের সর্বশ্রেষ্ঠ শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদৎবার্ষিকী, জাতীয় শোক দিবস ও শোকের মাস আগস্ট উপলক্ষে “রোগীর সেবায় হই আরো যত্নবান” এ প্রতিপাদ্য (থিম)কে ধারণ করে এবং নার্সিং সেবার মানোন্নয়ন ও সকল ওয়ার্ডকে মডেল ওয়ার্ডে উন্নীতকরণের দৃঢ় প্রত্যয় নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাসব্যাপী কর্মসূচী গ্রহণ করেছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় গৃহীত মাসব্যাপী কর্মসূচীর মধ্যে রয়েছে- আগামী ১ আগস্ট ২০১৭ইং তারিখ সকাল ৮টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয় চত্বরের বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৮টা ৪০ মিনিটে নার্সিং সেবার মানোন্নয়নসহ সকল সাধারণ ওয়ার্ডসমূহকে মডেল ওয়ার্ডে উন্নীতকরণের প্রত্যয়ে সেবিকাদের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য মহোদয়ের বক্তব্য প্রদান, সকাল ১১টা ৩০ মিনিটে “চিকনগুনিয়া ২০১৭: ঢাকা এক্সপেরিয়েন্স” শীর্ষক সেমিনার (প্রধান অতিথি: মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম, এমপি, বিশেষ অতিথি: ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মাননীয় মেয়র জনাব সাঈদ খোকন, সভাপতি: মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান।); ২ আগস্ট দুপুর ১২টায় সাক্ষ্যকালীন রাউন্ড ও ক্লাস সূনিচ্চিতকরণের উদ্দেশ্যে সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সাথে মাননীয় উপাচার্য মহোদয়ের আলোচনা সভা; ১১ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে রচিত গ্রন্থসমূহ এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রচিত গ্রন্থসমূহ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে রচিত গ্রন্থসমূহ নিয়ে বই মেলায় উদ্বোধন, ১২ আগস্ট দুপুরে জাতীয় শোক দিবসের আলোচনা সভা (প্রধান অতিথি: মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম), ১৫ আগস্ট সকাল সাড়ে ৭টায় ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নীচতলায় বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় হাসপাতালের বহির্বিভাগে বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসাসেবা, সকাল ১০টায় বটতলায় খেচ্ছায় রক্তদান, বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল, কোরানখানি ও তবরাক বিতরণ, ভিন্ন ভিন্ন স্থানে বিভিন্ন ধর্মাবলম্বীদের নিজ নিজ ধর্মীয় রীতি অনুসারে প্রার্থনা সভা (স্থান নির্ধারিত হয়নি); ২৪ আগস্ট সন্ধ্যাব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচীর উদ্বোধন, ৩১ আগস্ট পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচী সমাপ্ত ও মাসব্যাপী কর্মসূচীর সমাপনী অনুষ্ঠান। এছাড়াও রয়েছে “নিবিড় পাঠ: কারাগারের রোজনাচা” গ্রন্থের উপর ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বক্তৃতা-পর্ব, আলোকচিত্র প্রদর্শনীসহ নানা আয়োজন। এসব কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করতে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান ইতিমধ্যে বেশ কয়েকটি সভা করে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন।